১০৮

তারিখ 31 DEC 1996
পৃষ্ঠা ১১ কলাম ৪

দৈনিক
ইনকিলাব

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

**গিয়াস উদ্দিন রিমন ॥** আজ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকর পরিষদের নির্বাচন। সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। শিক্ষক সমিতির সদস্য বিশ্ববিদ্যালয়ের প্রায় ১১শ' জন শিক্ষক নির্বাচনে ভোট দেবেন। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী বিএনপি সমর্থক সাদা দল এবং বাঙালী জাতীয়তাবাদে বিশ্বাসী আওয়ামী লীগ সমর্থক নীল দলের ২টি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। সাদা প্যানেলে পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ও শিক্ষক সমিতির সাবেক সহ-সভাপতি ডঃ আ ফ ম ইউসুফ হায়দার সভাপতি এবং মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও সাবেক প্রক্টর ডঃ নজরুল ইসলাম সাধারণ সম্পাদক পদে প্রার্থী হয়েছেন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ মোস্তফা চৌধুরী নীল প্যানেলের সভাপতি এবং ভূতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক সমিতির বর্তমান যুগ্ম সম্পাদক ডঃ মোঃ হোসেন মনসুর সাধারণ সম্পাদক প্রার্থী হয়েছেন।

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বাম ও মধ্যপন্থী গোলাপী দল এবং ইসলামী মূল্যবোধে বিশ্বাসী জামায়াত সমর্থক সাদা দল এবার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে না। গোলাপী দল সাদা বা নীল কোন প্যানেলকে পূর্ণ সমর্থন দেয়ার কথা ঘোষণা না করলেও পরোক্ষভাবে তারা নীল প্যানেলকেই সমর্থন দিচ্ছে। তবে গোলাপী দলের কিছু শিক্ষক বলেছেন, তারা নির্দিষ্ট কোন প্যানেল নয়, বরং দুই প্যানেলের প্রার্থীদের মূল্যায়ন করে যোগ্যতম প্রার্থীকেই ভোট দেবেন। জামায়াত সমর্থক সাদা দল এবার বিএনপি সমর্থক সাদা প্যানেলকে পূর্ণ সমর্থন দিয়েছে। ফলে সাদা প্যানেল এবার অপেক্ষাকৃত শক্তিশালী। তাই ২ প্যানেলে এবার তীব্র প্রতিদ্বন্দ্বিতা হতে পারে। পরিবর্তিত রাজনৈতিক প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয় প্রশাসনে ব্যাপক পরিবর্তন আজকের নির্বাচনে প্রভাব ফেলতে পারে। বিশেষ করে গত কয়েকদিন ধরে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মধ্যে সবচেয়ে আলোচিত সিলেকশন কমিটিতে একতরফাভাবে নীল দলের শিক্ষকদের নিয়োগের বিষয়টি এক্ষেত্রে বেশ প্রভাব ফেলতে পারে বলে ক্যাম্পাসের বিভিন্ন অভিজ্ঞ মহল ধারণা করছেন। কারণ, সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগ করা হয়। আর সম্প্রতি ৪০টি বিভাগ ও ৭টি ইনস্টিটিউটের জন্য গঠিত ৯৪টি সিলেকশন কমিটিতে কেবলমাত্র নীল দলের শিক্ষকদের বিশেষজ্ঞ সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। সিন্ডিকেটে নীল থেকে নির্বাচিত ৬ জন শিক্ষক প্রতিনিধি সদস্য বেশীরভাগ সিলেকশন কমিটির সদস্যপদ নিজেদের মধ্যে ভাগ-বাটোয়ারা করে নিয়েছেন। লেকচারার ও সহকারী অধ্যাপক নিয়োগ করার কমিটিতে প্রায় সব ক্ষেত্রে প্রবীণ ও অভিজ্ঞ শিক্ষক সিনিয়র অধ্যাপকদের বাদ দিয়ে কোথাও কোথাও একনকি সহযোগী অধ্যাপককেও বিশেষজ্ঞ মনোনীত করা হয়েছে। এমনকি এক বিভাগে অন্য বিভাগের শিক্ষককে বিশেষজ্ঞ মনোনীত করা হয়েছে। আর এ শিক্ষক নিয়োগের আগে বিভিন্ন বিভাগে নীল দলের সমর্থক লোকদের এডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হচ্ছে। এ সমগ্র বিষয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি করেছে। আজকের শিক্ষক সমিতি নির্বাচনে এ বিষয়টি গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে ভূমিকা রাখতে পারে। ইতোমধ্যে সাদা প্যানেল তাদের নির্বাচনী মেনিফেস্টোতে প্রবীণ, অভিজ্ঞ ও বিষয় বিশেষজ্ঞ শিক্ষকদের বাদ দিয়ে গঠিত সিলেকশন কমিটিগুলো পুনর্গঠনের দাবী জানিয়েছে। গত এক বছরে জাতীয় রাজনীতিতে নীল দলের নেতৃত্বাধীন বর্তমান শিক্ষক সমিতির কার্যকর পরিষদের নেতৃবৃন্দের একপেশে ভূমিকাও নির্বাচনের সময় প্রশ্ন হয়ে আলোচিত হচ্ছে। এ প্রেক্ষাপটে দেশের সচেতনতম নাগরিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আজ শিক্ষক সমিতির কার্যকর পরিষদের ১৫টি পদে তাদের প্রতিনিধি নির্বাচন করবেন। নির্বাচনে সাদা প্যানেলের প্রার্থীরা হলেন ঃ সভাপতি পদে প্রফেসর ডঃ আ ফ ম ইউসুফ হায়দার (পদার্থবিজ্ঞান), সহ-সভাপতি পদে প্রফেসর ডঃ মোঃ আবুল বাশার (প্রাণীবিদ্যা), কোষাধ্যক্ষ পদে প্রফেসর ডঃ মোঃ সিরাজুল ইসলাম (ব্যবস্থাপনা), সাধারণ সম্পাদক পদে ডঃ নজরুল ইসলাম (মনোবিজ্ঞান), যুগ্ম সম্পাদক পদে ডঃ এ কে এম ওয়ারেসুল করিম বুলবুল (ফিন্যান্স) এবং ১০টি সদস্য পদে প্রফেসর ডঃ আমজাদ হোসেন (ফার্মেসী), প্রফেসর মিসেস ইশরাত শামীম (সমাজবিজ্ঞান), প্রফেসর ডঃ এ কে এম সিরাজুল ইসলাম খান (অণুজীব বিজ্ঞান), ডঃ জাহিদুল ইসলাম (সমাজবিজ্ঞান), প্রফেসর ডঃ জিন্নাতুন্নেছা তাহমিদা বেগম (উদ্ভিদ বিজ্ঞান), ডঃ মোঃ আহাদ আলী (ফলিত রসায়ন), প্রফেসর মোঃ মঈন উদ্দিন খান (হিসাব বিজ্ঞান), প্রফেসর মোঃ শফিকুর রহমান (পরিসংখ্যান), প্রফেসর ডঃ মোঃ সাঈদ-উর রহমান (বাংলা) ও প্রফেসর ডঃ রহিম বি তালুকদার (আইবিএ)। নীল প্যানেলের প্রার্থীরা হলেন ঃ সভাপতি পদে প্রফেসর ডঃ মোঃ মোস্তফা চৌধুরী (রাষ্ট্রবিজ্ঞান), সহ-সভাপতি পদে প্রফেসর ডঃ আর আই এম আমিনুর রশিদ (পদার্থবিজ্ঞান), কোষাধ্যক্ষ পদে প্রফেসর ডঃ এস এম মাহফুজুর রহমান (ফিন্যান্স), সাধারণ সম্পাদক পদে ডঃ মোঃ হোসেন মনসুর (ভূতত্ত্ব), যুগ্ম সম্পাদক পদে ডঃ রফিক উল্লাহ খান (বাংলা) এবং ১০টি সদস্য পদে ডঃ আ আ ম স আরেফিন সিদ্দিক (সাংবাদিকতা), প্রফেসর আবদুল মান্নান চৌধুরী (ব্যবস্থাপনা), ডঃ আবদুল হাকিম সরকার (সমাজকল্যাণ), প্রফেসর ডঃ এবিএম মাহমুদ (ইতিহাস), প্রফেসর ডঃ এস এম ইমামুল হক (মৃত্তিকাবিজ্ঞান), মিসেস কাজী আফরোজ জাহান আরা (আইইআর), প্রফেসর ডঃ মাহতাবউদ্দীন আহমেদ (রসায়ন), প্রফেসর ডঃ মোঃ শাহাদাত আলী (প্রাণীবিদ্যা), প্রফেসর শান্তি নারায়ণ ঘোষ (হিসাব বিজ্ঞান) ও প্রফেসর ডঃ সৈয়দ গিয়াসউদ্দিন আহমেদ (লোক প্রশাসন)। পদার্থবিদ্যা বিভাগের প্রফেসর অজয় রায় নির্বাচন পরিচালকের দায়িত্ব পালন করছেন। ভোট গ্রহণের আগে সকাল ৯টায় সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।